

২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

ম্যানুয়েল কফম্যান (Manuel Caughman) (D)

আমার নাম Manuel Caughman এবং আমি ২৭তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট এ একজন প্রার্থী যেখানে বর্তমান কাউন্সিলম্যান হচ্ছেন Leroy Comrie। সিটি কাউন্সিলে আমার প্রতিদ্বন্দিতার কারণ আমি এই কাউন্সিল ডিস্ট্রিক্টকে যথেষ্ট শক্তিশালী ও গ্রহনযোগ্য করে তুলতে চাই। আমি এই ডিস্ট্রিক্টকে কর্মসংস্থানের ইতিহাস গড়ে তুলতে চাই। আমি আমাদের কনস্টিটিউয়েন্সির ইস্যু তৈরির কাজে এসেম্বলীম্যান William Scarborough-এর সাথে ১০ বছর ছিলাম। আমি জ্যামাইকা ডাউনটাইনের জন্য ল্যান্ড ইউজ কমিটিতে ও কাজ করেছি। যা থেকে সুফল পাওয়া গেছে। অর্থনীতি চাপা হয়ে উঠে এবং এখানে কর্মসংস্থান তৈরী হয়। এছাড়া ব্রিংকার্থন একশন এসোসিয়েশনের সভাপতি হিসেবে আমি ওয়েস্টসাইড ট্রেন্স সাইট পরিচ্ছন্ন করনে সংগ্রাম করেছি যেখানে নিচের পানিতে দূষিত অবস্থা বিরাজ করত। এই কর্ম সম্পাদনের মাধ্যমে অত্র অঞ্চলের মানুষের কি চাওয়া পাওয়া এবং সমস্যাগুলো কি তা চিহ্নিতকরনে সহজতর হয়েছে। আমি সিটি কাউন্সিলকে একটা জিনিস পরিষ্কারভাবে বুঝিয়ে দিতে চাই যে, কেবলমাত্র শিক্ষা এবং একমাত্র শিক্ষাই একটিমাত্র বিষয় হতে হবে। আমি আমাদের স্কুল পদ্ধতির জন্য অর্থ যোগান এবং এটির সংস্কারে লড়ে যাব। আমি স্কুলগুলোর প্রিন্সিপালগণের সাথে মাসিক বৈঠকের ব্যবস্থা করব যেখানে সমস্যাগুলো বেরিয়ে আসবে। এটা আমাদের কর্ম পরিসরে প্রতিক্রিয়াশীলতার বদলে অনুকূল আবহ তৈরী করবে এবং বোর্ডার লাইনগণ ও অভিভাবকগণ এতে সক্রিয় ভূমিকা রাখবেন। আমার কর্মসূচীতে জন নিরাপত্তা বিষয়টি সবার্গে থাকবে, আমাদেরকে বাড়ীঘরের, স্কুলের এবং ব্যবসার নিরাপত্তা রক্ষা করতে হবে। আমাকে সমর্থনের হাত প্রসারিত করায় আপনাদেরকে ধন্যবাদ, সৃষ্টিকর্তা আপনাদের কল্যান করুন

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*